# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd)

স্মারক নং-বামাশিবো/পরী/আলিম-১৬/৭৮৮ তারিখঃ ২১/০৪/২০১৬খ্রিঃ

**বিষয় : নির্বাচনী (Test) পরীক্ষায় অনুত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের দাখিল/আলিম পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ না দেয়া প্রসঙ্গে।**

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-১০/১০(১)/২০০৬(অংশ)-২৯৯, তারিখ-১৩/০৪/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে,দাখিল/আলিম প্রতিটি পাবলিক পরীক্ষার পূর্বে নির্বাচনী পরীক্ষা গ্রহণ এবং পরীক্ষায় সকল বিষয়ে উত্তীর্ণরাই কেবল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে মর্মে বিধান রয়েছে। কিন্তু নির্বাচনী (Test) পরীক্ষায় এক বা একাধিক বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীদেরকেও ঐ রূপ প্রত্যয়নপত্র প্রদান পূর্বক চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ দেয়া হয়ে থাকে মর্মে অভিযোগ রয়েছে।

২) নির্বাচনী (Test) পরীক্ষায় অনুত্তীর্ণ পরীক্ষার্থীদেরকে পাবলিক পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ না দেয়াসহ নির্বাচনী (Test) পরীক্ষার সকল শিক্ষার্থীর উত্তরপত্র পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত না হওয়া পর্যন্ত সংরক্ষণ করতে হবে এবং স্থানীয় প্রশাসন/বোর্ড যে কোন সময় তা দেখতে চাইলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উত্তরপত্র সমূহ দেখাতে বাধ্য থাকবেন।

৩) কোন অনুত্তীর্ণ পরীক্ষার্থীকে চূড়ান্ত পাবলিক পরীক্ষায় অংশগ্রহনে সুযোগ দেয়া হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

**বিষয়টি অতীব জরুরি।**

সংযুক্তি : বর্ণনামতে ০২ পাতা।

**(প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্যা)**
রেজিস্ট্রার ও চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৫৮৬১০২১৬

**অধ্যক্ষ/সুপার**
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাদরাসা।

স্মারক নং-বামাশিবো/পরী/আলিম-১৬/৭৮৮ তারিখঃ ২১/০৪/২০১৬খ্রিঃ

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ**

১. মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব,শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২. জেলা প্রশাসক (সকল)।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব,শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪. জেলা শিক্ষা অফিসার (সকল)।
৫. পি.এ.টু-চেয়ারম্যান/রেজিস্ট্রার,বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
৬. অফিস নথি।

২১/৪/২০১৬

**(মোঃ নজমুল হুদা)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোন ঃ ৫৮৬১০২০২, ফ্যাক্স ঃ ৫৮৬১৭৯০৮
e-mail : controller@bmeb.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-১০ (মাধ্যমিক-১)
www.moedu.gov.bd

নং-শাঃ ১০/১০(১)/২০০৬(অংশ)-২৯৯

তারিখ ঃ ৩০ চৈত্র, ১৪২২
১৩ এপ্রিল, ২০১৬

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
চেয়ারম্যান মহোদয়ের দপ্তর
ডায়রী নং
তারিখ-
রেজিস্ট্রার
পরীক্ষা নিয়ন্ত্রক
পরিদর্শক
কারিকুলাম/ হিসাব
উপ-রেজিস্ট্রার প্রশাঃ/কমন
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক সনদ
আইসিটি সেল/কম্পিউটার কেন্দ্র
শাঃ শিঃ
জরুরী আলাপ করুন/ব্যবস্থা নিন
চেয়ারম্যান

বিষয় : নির্বাচনী পরীক্ষায় (Test) অনুত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অনিয়ম রোধ সংক্রান্ত।

সূত্র : দুর্নীতি দমন কমিশনের স্মারক নং- দুদক/প্রতিরোধ/কার্যক্রম/০১/১৫/১০৩৫৭, তারিখ : ২৭.০৩.২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশন তাদের পর্যবেক্ষণে দেখতে পেয়েছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদান এবং পাবলিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত নানাবিধ অনিয়ম গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার পূর্বে নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠানের নিয়ম রয়েছে। উক্ত নির্বাচনী পরীক্ষায় সকল বিষয়ে উত্তীর্ণরাই পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে মর্মে বিধান রয়েছে। কিন্তু নির্বাচনী (Test) পরীক্ষায় এক/একাধিক বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীদেরকেও ঐরূপ প্রত্যয়নপত্র প্রদানপূর্বক চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হয়ে থাকে মর্মে অভিযোগ রয়েছে। নির্বাচনী (Test) পরীক্ষায় অনুত্তীর্ণ পরীক্ষার্থীদেরকে পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ না দেয়ার জন্য ব্যবস্থা গ্রহণসহ পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত না হওয়া পর্যন্ত নির্বাচনী (Test) পরীক্ষার খাতাসমূহ সংরক্ষণ করা এবং মাঝে মাঝে তা পরীক্ষা করার ব্যবস্থা গ্রহণের জন্য দুর্নীতি দমন কমিশন পরামর্শ প্রদান করেছেন।

২। এমতাবস্থায়, দুর্নীতি দমন কমিশনের সূত্রোক্ত পত্রে বর্ণিত পরামর্শ/মতামতের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
ডাইরী নং
তারিখ
★ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (পরীক্ষা), ★ জরুরী ব্যবস্থা নিন।
★ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়),
★ সহঃ পরীক্ষা নিয়ন্ত্রক, ★ উপস্থাপন করুন।
★ সিস্টেম এনালিস্ট,
★ উপ রেজিস্ট্রার, কমন/প্রশাঃ, ★ মন্তব্য সহ উপস্থাপন করুন।
★ হিসাব রক্ষণ অফিসার, ★ প্রয়োজনীয় ব্যবস্থা নিন।
★ আই, সি, টি, সেল,
★ পিএ টু পরীক্ষা নিয়ন্ত্রক, ★ আলোচনা করুন।

সংযুক্তি : ০১(এক) পাতা।

(মোঃ এনামুল হক)
উপসচিব
ফোন ঃ ৯৫৭৬৭৮০

বিতরণ :
১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটি ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা। (ঢাকা শিক্ষা বোর্ডসহ সকল শিক্ষা বোর্ডকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ সহ)
৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

অনুলিপি ঃ
১. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা, বাংলাদেশ।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (মাধ্যমিক)/যুগ্মসচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
আর এন্ড আই শাখা
ডাইরী নম্বর ৫২৮
তাং ১৮/৪/১৬ স্বাক্ষর

H:\Mir Ansar\Board\Letter of Board.doc (Page-285)

**বিষয়ঃ নির্বাচনী পরীক্ষায় (Test) অনুত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অনিয়ম রোধ।**

দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা এবং দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলার লক্ষ্যে দুর্নীতি দমন কমিশন অব্যাহতভাবে নানাবিধ কার্যক্রম পরিচালনা করে আসছে। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদান এবং পরীক্ষা গ্রহণ সংক্রান্তে নানাবিধ অনিয়ম গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪ এর ১৭ (ট) ধারা মতে এ সকল বিষয় সংশ্লিষ্টদের গোচরীভূত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা কমিশনের অন্যতম দায়িত্ব।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার পূর্বে নির্বাচনী পরীক্ষা (Test) অনুষ্ঠানের নিয়ম রয়েছে। উক্ত নির্বাচনী পরীক্ষায় সকল বিষয়ে (Subject) উত্তীর্ণরাই পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে মর্মে বিধান বিদ্যমান। সম্মানিত প্রধান শিক্ষক/অধ্যক্ষগণকে উল্লিখিত উত্তীর্ণের বিষয়টি প্রত্যয়ন করতে হয়। কিন্তু, অনেক ক্ষেত্রে নির্বাচনী পরীক্ষায় এক/একাধিক বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীদেরকেও ঐরূপ প্রত্যয়নপত্র প্রদানপূর্বক চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হয়ে থাকে মর্মে অভিযোগ রয়েছে। যা বন্ধ হওয়া সমীচীন।

এমতাবস্থায়, নির্বাচনী পরীক্ষায় (Test) অনুত্তীর্ণ ছাত্র/ছাত্রীদেরকে পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ না দেয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এক্ষেত্রে নির্বাচনী পরীক্ষার খাতাসমূহ পাবলিক পরীক্ষা না হওয়া পর্যন্ত সংরক্ষণ করা এবং মাঝে মাঝে তার নমুনা পরীক্ষা করার ব্যবস্থা গ্রহণ করলে এ সকল অনিয়ম অনেকাংশেই কমবে মর্মে দুর্নীতি দমন কমিশন মনে করে।

উল্লিখিত বিষয়ে যথাযথ সদয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(আবু মোঃ মোস্তফা কামাল)
সচিব
ফোনঃ ৯৩৬০১১০

সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

শিক্ষা সচিবের দপ্তর
ডায়েরী নং:
তারিখঃ
অতিঃ সচিব
অতিঃ সচিব
অতিঃ সচিব
প্রধান পরিকল্পনা

শিক্ষা মন্ত্রণালয়
যুগ্ম-সচিব (মাধ্যমিক-২)
ডায়েরী নং:
তারিখঃ
১২
১৩
বিবিধ

শিক্ষা মন্ত্রণালয়
শাখা ঃ
ডায়েরী নং.......
তারিখঃ.......